

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৮৩-আইন/২০২০/৯২/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১২২-আইন/২০২০/৭৩/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্তাবলির দফা (৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৮) ও (৯) প্রতিস্থাপিত হইবে, যথা:-

- “(৮) বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ অথবা আইন বলে প্রতিষ্ঠিত অন্য যে কোন কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই সেইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র দাখিল করিতে হইবে; এবং
- (৯) দফা (৭) এ বর্ণিত অভিযোগ চূড়ান্তভাবে প্রতিষ্ঠিত হইলে অপব্যবহারজনিত রেয়াতের সহিত সংশ্লিষ্ট শুল্ক ও কর আদায় ছাড়াও Customs Act, 1969 এর section 156 এর sub-section (1) এর টেবিল এর Item 10A এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।”

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।